প্রথম আলো

বছরের চমক রোবট সোফিয়া

মো. মিন্টু হোসেন
৩১ ডিসেম্বর ২০১৭, ১৩:২৯
আপডেট: ৩১ ডিসেম্বর ২০১৭, ১৩:৩২

দেশের তথ্যপ্রযুক্তি খাতে এ বছর নানা ঘটনা ঘটেছে। এর মধ্যে কিছু ঘটনা মানুষকে নাড়া দিয়েছে। কিছু ঘটনা নিয়ে চলেছে বিতর্ক। কিছু ঘটনা নিয়ে আবার সামাজিক যোগাযোগের মাধ্যমে ঝড় উঠেছে। সব মিলে ২০১৭ সালটি দেশের মানুষের সামনে প্রযুক্তির ক্ষেত্রের কিছু উন্নতি দেখাতে পেরেছে। চলুন, এ বছরে ঘটে যাওয়া কিছু আলোচিত ঘটনা ফিরে দেখি:

মাতিয়ে গেল সোফিয়া

এ বছরে দেশে প্রযুক্তিতে বড় ঘটনা ছিল সোফিয়ার বাংলাদেশে আসা। ডিসেম্বরে ঢাকার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭-এ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে কথোপকথন ছাড়াও টেক টক উইথ সোফিয়া অনুষ্ঠানে দর্শনার্থীদের সামনে হাজির হয় সোফিয়া। দর্শনার্থীদের মাতিয়ে তোলে বিশ্বের প্রথম কোনো রাষ্ট্রের নাগরিকত্ব পাওয়া এই রোবটমানবী। সোফিয়ার ঢাকা আগমনকে ঘিরে আগে থেকেই আগ্রহ তৈরি হয়। ২০১৫ সালের এপ্রিল মাসে সোফিয়াকে চালু করা হয়। বিশ্বের প্রথম এই হিউম্যানয়েড রোবট তৈরি করে হংকংয়ের হ্যানসন রোবোটিকস। ব্রিটিশ অভিনেত্রী অড্রে হেফবর্নের অনুকরণে তৈরি করা হয় সোফিয়াকে। সামনে থাকা ব্যক্তির বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে সক্ষম সোফিয়া তার কথার ধরনের সঙ্গে মিল রেখে চেহারায় অভিব্যক্তিও প্রকাশ করতে সক্ষম। ২০১৭ সালে বিশ্বের প্রথম এবং একমাত্র হিসেবে কোনো দেশের নাগরিকত্ব পায় সোফিয়া। সৌদি আরব তাকে এ নাগরিকত্ব দেয়।

দেশে ইন্টারনেট ব্যবহারকারী ৮ কোটি

চলতি বছরের নভেম্বর মাস শেষে দেশে ইন্টারনেট ব্যবহারকারী আট কোটি পার হয়েছে। এর মধ্যে ৭ কোটি ৪৭ লাখ ৩৬ হাজার মোবাইল ইন্টারনেট ব্যবহারকারী। বিটিআরসির তথ্য অনুযায়ী, নভেম্বর মাসের শেষে দেশে কার্যকর ইন্টারনেট সংযোগ ৮ কোটি ১ লাখ ৬৬ হাজার হয়েছে। এর মধ্যে আইএসপিদের সংযোগসংখ্যা ৫৩ লাখ ৪২ হাজার। ওয়াইম্যাক্সের সংযোগ ৮৮ হাজার। নভেম্বর মাসের হিসাবে দেশে সক্রিয় মোবাইল ফোন ব্যবহারকারীর সংখ্যা ১৪ কোটি ৩১ লাখ ৬ হাজারে দাঁড়িয়েছে। এর মধ্যে গ্রামীণফোনের ৬ কোটি ৪৯ লাখ ৫৯ হাজার, রবি আজিয়াটার ৪ কোটি ১৩ লাখ ৯৭ হাজার, বাংলালিংকের ৩ কোটি ২৩ লাখ ৩০ হাজার, টেলিটকের ৪৪ লাখ ১৯ হাজার গ্রাহক দাঁড়িয়েছে।

রাইড শেয়ারিং সেবার জনপ্রিয়তা

দেশে এ বছর রাইড শেয়ারিং সেবার জনপ্রিয়তা বেড়েছে। এ বছর জনপ্রিয় হয়ে উঠেছে কয়েকটি পরিবহনসেবার অ্যাপস। যেই অ্যাপগুলো থেকে অনেকেই সুবিধা পাচ্ছেন যানজট থেকে বিরত থাকার। এগুলো মোবাইল অ্যাপ্লিকেশনভিত্তিক পরিবহনসেবা। মাইক্রোবাস, কার থেকে মোটরসাইকেল-সেবা দিচ্ছে এসব কোম্পানি। প্রাথমিকভাবে রাজধানী ঢাকার পর চট্টগ্রামেও এ সেবা চালু করেছে কেউ কেউ। এর মধ্যে আছে পাঠাও, উবার, ইজিয়ার, চলো, স্যাম, মুভ।

গুগল-মাইক্রোসফটে বাংলাপ্রীতি

এ বছর গুগল ও মাইক্রোসফটের মতো প্রযুক্তি প্রতিষ্ঠানগুলো বাংলা ভাষাকে বেশ গুরুত্ব দিয়েছে। অনলাইনে বাংলা ভাষার ব্যবহার বৃদ্ধি পাওয়ায় বাংলায় গুগল অ্যাডসেন্স চালু করা হয়েছে। এ ছাড়া নলেজ গ্রাফ, স্পিচ-টু-টেক্সটে বাংলা যুক্ত হয়েছে। এ

বছর গুগলের হোমপেজে বাংলাদেশ সংশ্লিষ্ট চারটি ডুডল প্রকাশ করা হয়। নববর্ষ, স্বাধীনতা দিবস, হুমায়ূন আহমেদ ও বেগম রোকেয়ার জন্মদিনে বিশেষ ডুডল প্রদর্শন করে গুগল।

জরুরি নম্বর চালু

ফায়ার সার্ভিস, অ্যাম্বুলেন্স ও জরুরি পুলিশি সেবা পেতে জাতীয় হেল্প ডেস্ক হিসেবে '৯৯৯' নম্বরটি আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। ডিসেম্বর মাসে রাজধানীর আবদুল গণি সড়কে পুলিশের কন্ট্রোল অ্যান্ড কমান্ড সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে জরুরি নম্বরটির উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। টোল ফ্রি হিসেবে ৯৯৯ নম্বরে ফোন করে নাগরিকেরা পুলিশ, ফায়ার সার্ভিস ও অ্যাম্বুলেন্সসেবা নিতে পারবেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস ঘোষণা

এ বছর ১২ ডিসেম্বর প্রথমবারের মতো পালিত হয় জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস। প্রতিবছর ১২ ডিসেম্বর 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস' হিসেবে পালনের প্রস্তাব নভেম্বর মাসে অনুমোদন দেয় মন্ত্রিসভা।

অ্যাপিকটা আয়োজন

দেশে প্রথমবারের মতো আয়োজিত হয় তথ্যপ্রযুক্তির অস্কারখ্যাত চার দিনের তথ্যপ্রযুক্তি প্রতিযোগিতা 'অ্যাপিকটা অ্যাওয়ার্ডস ঢাকা-২০১৭'। সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের তত্ত্বাবধানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) যৌথভাবে ৭ থেকে ১০ ডিসেম্বর আন্তর্জাতিক এ অনুষ্ঠানের আয়োজন করে। প্রতিযোগিতায় বাংলাদেশের ১০ মিনিটস স্কুল ই-লার্নিং বিভাগে বিজয়ী হয়।

জুম নিয়ে হইচই

দেশে পেপ্যাল আসছে বলে আলোচনা ছিল। কিন্তু বহুল আকাঙ্ক্ষিত পেপ্যালের পূর্ণাঙ্গ সেবার বদলে জুমসেবা আনুষ্ঠানিকভাবে চালু হয় বাংলাদেশে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সূত্রে দাবি করা হয়, এ সেবা চালুর ফলে দেশের ফ্রিল্যান্সিং খাত আরেক ধাপ এগিয়ে গেল। এখন থেকে ফ্রিল্যান্সারসহ অনলাইনে কাজ করা তরুণ প্রজন্ম কম সময়ে সহজে বৈধ উপায়ে বিদেশ থেকে অর্থ আনতে পারবে। পেপ্যাল জুমসেবা চালুর ফলে অনলাইন লেনদেন অনেক সহজ হবে। দুর্নীতি ও হুন্ডির মতো অবৈধ পন্থায় অর্থ লেনদেন বন্ধ হবে।

হাইটেক পার্ক

২০১৭ সালে তথ্যপ্রযুক্তি খাতে উন্নয়নের মধ্যে অন্যতম ১২ হাইটেক পার্কের ঘোষণা। এই পার্কগুলো দেশে তথ্যপ্রযুক্তি খাতে তরুণদের কর্মসংস্থানের পাশাপাশি খাতটি থেকে রপ্তানি আয় বাড়ানোর স্বপ্ন দেখাচ্ছে। নতুন করে ১২ জেলায় ১২ হাইটেক পার্ক স্থাপনের অনুমোদন পাওয়ায় দেশে সর্বমোট তথ্যপ্রযুক্তিভিত্তিক এমন হাবের সংখ্যা দাঁড়িয়েছে ২৮। এ বছর যশোরে খুলে দেওয়া হয় 'শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক', যা ঢাকার বাইরে পূর্ণাঙ্গ হাইটেক পার্ক।

মহাকাশে যাত্রা শুরু

এ বছর মহাকাশে প্রথমবারের মতো স্যাটেলাইট পাঠিয়েছেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ৪ জুন মহাকাশে পাঠানো হয়েছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের তৈরি স্যাটেলাইট 'ব্র্যাক অন্বেষা'। মহাকাশযান নির্মাতা প্রতিষ্ঠান স্পেসএক্স আর মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার সিআরএস-১১ অভিযানে স্পেসএক্সের ফ্যালকন ৯ রকেটে করে ন্যানো স্যাটেলাইটটি মহাকাশে পাঠানো হয়েছে।

বিশ্বের ষষ্ঠ বৃহত্তর ডেটা সেন্টার

তথ্য সংরক্ষণ ও ডিজিটাল সেবা সবার দোরগোড়ায় পৌঁছে দেওয়ার লক্ষ্যে দেশে তৈরি হচ্ছে বিশ্বের ষষ্ঠ বৃহত্তম ডেটা সেন্টার। গাজীপুরের কালিয়াকৈরে বঙ্গবন্ধু হাইটেক সিটিতে সাত একর জমির ওপর গড়ে উঠছে এই ফোর টায়ার ডেটা সেন্টারটি। এর মাধ্যমে দেশের সব অফিস, আদালত, শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল, যানবাহন, টেলিকমিউনিকেশন, ভূমি ব্যবস্থাপনা, বিদ্যুৎ বিভাগ থেকে শুরু করে সবকিছুই প্রযুক্তির অন্তর্ভুক্ত হচ্ছে। বিশালাকার এই ডেটা সেন্টারে থাকছে উচ্চ ক্ষমতাসম্পন্ন ৬০৪টি র‍্যাক। এতে আরও থাকছে ৯ এমভিএ লোডের রিডান্ডেন্ট লাইনসহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ-সংযোগের ব্যবস্থা।